দৈনিক বাংলা

তারিখ ২৮।১১।৮১
পৃষ্ঠা

091

# ঢাকা জেলায় ৩১টি খাল খনন শুরু

(নিজস্ব সংবাদদাতা)

মানিকগঞ্জ, ২৬শে নভেম্বর।—খাল খনন কর্মসূচীর তৃতীয় পর্যায়ে এবার ঢাকা জেলায় ৩১টি খাল খনন পুনঃখননের কাজ হাতে নেয়া হয়েছে।

এই কর্মসূচীর অধীনে এবার প্রথম যে দুইটি খাল খননের কাজ আরম্ভ হয়েছে তার একটি হলো ঢাকা সদর মহকুমার ধামরাই থানায়। অপরটি হচ্ছে গাজীপুর মহকুমার কালিয়াকৈর থানায়। অবশিষ্টগুলোর কাজও গত ২৫শে নবেম্বর থেকে আরম্ভ হয়েছে।

ঢাকা জেলা প্রশাসন জানিয়েছে আগামী চার মাসের মধ্যে এসব খালের খনন কাজ সম্পন্ন হবে। এতে ৩০ হাজার একর জমি সেচের সুবিধা পাবে।

**চুয়াডাঙ্গা**

চুয়াডাঙ্গা থেকে পাওয়া এক সংবাদে জানা গেছে, গত ২২শে নবেম্বর জেলা প্রশাসক জনাব

(৩-এর পৃঃ দ্রঃ)

## খনন শুরু

আবদুল মান্নান ভূইয়া চুয়াডাঙ্গা মহকুমার দামুড়হুদা থানায় আড়াই মাইল দীর্ঘ একটি খাল খনন প্রকল্প উদ্বোধন করেন। এই খালটির খনন কাজ সম্পূর্ণ হলে প্রায় ৬শ একর জমি সেচ সুবিধা পাবে।